



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

মোবাইল অপারেটর কর্তৃক আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ এর উদ্বোধন

ঢাকা, ২৮ এপ্রিল ২০২২।

গ্রাহক স্বার্থ বিবেচনা করে মোবাইল অপারেটর কর্তৃক আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজের উদ্বোধন করেছেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার। বৃহস্পতিবার সকালে বিটিআরসি'র প্রধান সম্মেলন কক্ষে কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার।

মোবাইল অপারেটরসমূহ অদ্য ২৮ এপ্রিল ২০২২ তারিখে মধ্যে উল্লিখিত শর্ত সাপেক্ষে ০২ টি বিশেষ ডাটা প্যাকেজ চালু করে।

ক) আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ, খ) নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ।

শর্তসমূহঃ

ক) এটি শুধুমাত্র ডাটা সার্ভিস প্রদানের জন্য একটি বিশেষ প্যাকেজ হবে যাতে অন্য কোন প্রকার অফার (ভয়েস, এসএমএস, সোশ্যাল প্যাক ইত্যাদি) প্রদান করা যাবে না।

খ) এটি নিয়মিত (Regular) প্যাকেজ, গ্রাহক কেন্দ্রিক বিশেষ প্যাকেজ (CCSP) এবং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (R&D) প্যাকেজ মিলিয়ে সর্বমোট ৯৫ টি প্যাকেজের আওতাভুক্ত থাকবে।

গ) এই প্যাকেজের নামকরণের ধরনের ক্ষেত্রে U অক্ষর এবং মেয়াদের জন্য X অক্ষর ব্যবহৃত হবে।
উদাহরণঃ GP: GPU220001X, Robi: RBU220001X, Banglalink: BLU220001X, Teletalk: TTU20001X

ঘ) এই প্যাকেজসমূহ নামকরণে আনলিমিটেড/মেয়াদবিহীন হলেও কারিগরি সিমাবদ্ধতার কারণে এর সর্বোচ্চ মেয়াদকাল হবে ০১ বছর।

ঙ) প্যাকেজগুলো মেয়াদবিহীন ডাটা /সীমাবিহীন ভলিউমের হওয়ায় অব্যবহৃত ডাটা থাকার সুযোগ নাই বিধায় এ সকল প্যাকেজে ডাটা ক্যারিফরওয়ার্ড প্রযোজ্য হবে না। এর আগে গত ১৫ মার্চ ২০২২ তারিখে মোবাইল ফোন অপারেটরসমূহের ডাটা ও ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ সম্পর্কিত নতুন নির্দেশিকা চালু করেছিল বিটিআরসি।

শুরুতে ডাটা প্যাকেজ সম্পর্ক বিশদ উপস্থাপনা করেন কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেঃ জেনাঃ মোঃ নাসিম পারভেজ। তিনি বলেন, গ্রামীণফোনের আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটার মূল্য ১৫ জিবি ১০৯৯ টাকা এবং ৫ জিবি ৪৯৯ টাকা, রবির ১০ জিবি ৩১৯ টাকা, বাংলালিংকের ৫জিবি ৩০৬ টাকা, টেলিটকের ২৬ জিবি ৩০৯ টাকা এবং ৬জিবি ১২৭ টাকা। এছাড়া, গ্রামীণফোনের নিরবচ্ছিন্ন ৩০ দিনের (দৈনিক সর্বোচ্চ ১ জিবি পর্যন্ত) প্যাকেজ ৩৯৯ টাকা এবং ৩০ দিনের (দৈনিক সর্বোচ্চ ২ জিবি পর্যন্ত) ৬৪৯ টাকা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, আনলিমিটেড ডাটা প্যাকেজ দেশের টেলিযোগাযোগ ইকোসিস্টেমে সুদূরপ্রসারী প্রভাব বয়ে আনবে। এটি সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়ায় সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়াবে। মন্ত্রী বলেন, বিশ্ব যখন ফাইভজি যুগে প্রবেশ করেছে, তখন বাংলাদেশও বিশ্বের সাথে তাল মিলিয়ে ফাইভজি সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে। আগামীতে ব্যান্ডউইথের চাহিদা অনেক বাড়বে জানিয়ে মন্ত্রী আরো বলেন, গ্রাহক যাতে ডাটার ব্যবহার করে সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়ায় যুক্ত হতে পার, সে লক্ষ্যে নানা উদ্যোগ নেয়া হচ্ছে।

বিটিআরসি'র ভাইস চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র বলেন, গ্রাহক স্বার্থের কথা বিবেচনায় নিয়ে বিটিআরসি আনলিমিটেড ডাটা প্যাকেজ চালুর উদ্যোগ নিয়েছে।

আনলিমিটেড ডাটা প্যাকেজের উদ্যোগ নেওয়ার জন্য বিটিআরসিকে ধনব্যাধ জানিয়ে অ্যামটবের মহাসচিব ব্রিগেডিয়ার জেনারেল এস এম ফরহাদ (অব:) বলেন, টেলিকম অপারেটররা সবসময় গ্রাহকবান্ধব এবং সর্বোত্তম সেবা দেওয়ার চেষ্টা করে। টেলিকম খাতে যে কোনো সেবা চালু করলে অপারেটরগুলো প্রযুক্তির ওপর নির্ভর করে জানিয়ে তিনি আরো বলেন, বাংলাদেশে গ্রাহক চাহিদার ভিন্নতা বেশি থাকায় প্যাকেজ চালু করতে সময়ের প্রয়োজন হয়।

গ্রামীণফোনের চিফ মার্কেটিং অফিসার সাজ্জাদ হাসিব বলেন, বাংলাদেশের বাজারে আনলিমিটেড অফারের প্যাকেজের মাধ্যমে গ্রাহকরা উপকৃত হবে। আগামী বিশ বছরে বাংলাদেশকে ডিজিটাল অর্থনীতি করার জন্য সরকারের গৃহীত উদ্যোগের সাথে গ্রামীণফোন কাজ করবে।